কাব্যশ্রী সম্মাননা পদক পাচ্ছেন মেহেরপুরের লেখক রফিকুর রশীদ

মেহেরপুরের বিশিষ্ট লেখক রফিকুর রশীদ সাহিত্যক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ‘কাব্যশ্রী সাহিত্য সম্মাননা ২০২৬’ পদক পেতে যাচ্ছেন।

আয়োজকদের প্রকাশিত তালিকায় রফিকুর রশীদকে ‘আজীবন সম্মাননা’ বিভাগে মনোনীত করা হয়েছে। সাহিত্যচর্চা ও সৃষ্টিশীল লেখালেখিতে দীর্ঘদিনের অবদানের স্বীকৃতি হিসেবে তাকে এ সম্মাননা প্রদান করা হচ্ছে।

কাব্যশ্রী সাহিত্য সম্মাননা ২০২৬-এর অন্যান্য বিভাগে কবিতা, কথাসাহিত্য, প্রবন্ধ, শিশুসাহিত্য ও ছোটগল্পসহ বিভিন্ন শাখায় লেখক-সাহিত্যিকদের সম্মাননা দেওয়ার কথা রয়েছে।

মেহেরপুরের কৃতী লেখক রফিকুর রশীদের এই সম্মাননা অর্জনে সাহিত্যাঙ্গনসহ মেহেরপুরবাসীর মধ্যে আনন্দের সৃষ্টি হয়েছে।

মেহেরপুরে জেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে জেলা পর্যায়ের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

গতকাল রোববার সকালে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার

উদ্বোধন করেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুকুমার রায়ের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থ প্রতিম শীল।

অনুষ্ঠানে জেলা প্রশাসন ও প্রাথমিক শিক্ষা বিভাগের বিভিন্ন কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় প্রাথমিক জাতীয় শিক্ষা পদক প্রতিযোগিতা

দামুড়হুদায় দুই দিনব্যাপী প্রাথমিক জাতীয় শিক্ষা পদক প্রতিযোগিতার জাঁকজমকপূর্ণ ভাবে উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকাল ১০ টার সময় “সুস্থ দেহ সুন্দর মন”স্লোগানকে সামনে রেখে খেলাধুলা শিশুর মনকে বিকশিত করে এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করে এই ধারাবাহিকতায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে দামুড়হুদা স্টেডিয়াম মাঠে এই প্রতিযোগিতার শুভ উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি থেকে জাতীয় শিক্ষা পদক প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহল।

এসময় তিনি বলেন, কোমলমতি শিক্ষার্থীরা আমার সন্তানের মত, লেখা পড়ার পাশাপাশি এই প্রতিযোগিতা কোমলমতি শিক্ষার্থীদের মেধার বিকাশ ঘটাবে। প্রাথমিক পর্যায়ে আমাদের যেসব সন্তানরা লেখাপড়া করে, তাদেরকে আগামীর সুন্দর ভবিষ্যৎ প্রজন্ম হিসেবে গড়ে তোলার জন্য শিক্ষার্থীদের অভিভাবকদের পাশাপাশি আমরা যারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তাদের দায়িত্ব নিয়ে শিক্ষা দিচ্ছি। আমাদেরকে তাদের নিজ সন্তানের মত মনে করে লেখাপড়ার পাশাপাশি মেধাবৃত্তিক প্রজন্ম গড়ে তুলতে হবে। আমরা এখন যারা বিভিন্ন পর্যায়ে নেতৃত্ব দিচ্ছি এই নেতৃত্বকে আরও বেগবান করার জন্য সঠিক গুণাবলীর মাধ্যমে

আগামীর প্রজন্ম হিসাবে তাদেরকে গড়ে তুলতে হবে। তাহলে আমরা দেশের জন্য কিছু করে যেতে পারবো।

উপজেলার ১১৬ টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে জাতীয় শিক্ষা পদক প্রযোগিতায় ৫৪ টি ইভেন্টে অ্যাথলেট, ক্রীড়া এবং সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসানের সভাপতিত্বে এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, উপজেলা জামায়াত ইসলামের সহকারি সেক্রেটারি আবেদ-উদ-দৌলা টিটন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, সাধারণ সম্পাদক তানজির ফয়সাল, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন জেলা আহ্বায়ক কমিটির যুগ্ম- সাধারণ সম্পাদক তানভীর অনিক প্রমুখ।

মুজিবনগরে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যকে সামনে রেখে তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষে মুজিবনগর উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৫ (ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয়ভিত্তিক কুইজ ও কাবিং) অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) সকালে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা ও ক্রীড়া পতাকা উত্তোলনের মধ্য দিয়ে প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পলাশ মণ্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর ইউআরসি ইন্সট্রাক্টর